গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২২-১১২

তারিখ : ১২ বৈশাখ ১৪৩১ / ২৫ এপ্রিল ২০২৪

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'-এর অভিযোগ আনয়নপূর্বক ০১/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করতঃ কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, জনাব নীহার রঞ্জন বিশ্বাস উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জনাব নীহার রঞ্জন বিশ্বাস-এর বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ জনাব নীহার রঞ্জন বিশ্বাস-কে অভিযোগের ভিত্তিতে প্রাথমিকভাবে দোষী সাব্যস্ত করে কেন তাঁকে চাকরি হতে বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের বিপরীতে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে 'চাকুরী হতে বরখাস্ত' করার সিদ্ধান্তের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হলে কমিশন প্রাপ্ত সকল কাগজপত্রাদি পরীক্ষান্তে জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর]-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকুরী হতে বরখাস্ত' শীর্ষক গুরুদণ্ড প্রদানে আইন ও বিচার বিভাগের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

সেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ অনুযায়ী জনাব নীহার রঞ্জন বিশ্বাস, সাময়িক বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী [বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর]-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকুরী হতে বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫/০৪/২০২৪
(মোঃ গোলাম সারওয়ার)
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০০১.২২-১১২/১(১০)

তারিখ : ২৫-০৪-২০২৪ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।
৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী।
৭. জেলা রেজিস্ট্রার, নরসিংদী।
৮. জনাব নীহার রঞ্জন বিশ্বাস, বরখাস্তকৃত সাব-রেজিস্ট্রার, সদর, নরসিংদী।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. অফিস কপি/গার্ড ফাইল।

২৫/০৪/২০২৪
(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৪১০৫২১৭২